ভোরের কাগজ

৭/৫/২০০৭

তারিখ ...
পৃষ্ঠা ২০ কলাম ৪

# কফিলউদ্দিনের বদলি কেন আইনবহির্ভূত নয়- মর্মে শিক্ষা সচিবকে শোকজ

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির মহাসচিব অধ্যাপক মোঃ কফিলউদ্দিনের বদলি কেন আইনবহির্ভূত হবে না এ মর্মে সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ শিক্ষা সচিবকে তিন সপ্তাহের মধ্যে কারণ দর্শানোর নির্দেশ দিয়েছে। কোর্ট একই সঙ্গে বদলির আদেশ ৬ মাসের জন্য স্থগিত রাখারও নির্দেশ দিয়েছে। সরকারি জগন্নাথ কলেজের পদার্থবিদ্যা বিভাগের অধ্যাপক মোঃ কফিলউদ্দিনকে দিনাজপুর সরকারি কলেজে বদলির কারণে তার পক্ষে দায়েরকৃত রিট পিটিশনের পরিপ্রেক্ষিতে ২২ এপ্রিল বিচারপতি সৈয়দ মুদাচ্ছির হুসেন ও বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন এ রুল জারি করেন। বিজ্ঞপ্তি।